

‘বাংলায় অনুদিত’

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

এফই সার্কুলার নং ৩৫

তারিখঃ সেপ্টেম্বর ২৩, ২০১৪

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

রপ্তানি উন্নয়ন তহবিল (ইডিএফ) প্রসংগে।

এফই সার্কুলার নং ২৫, তারিখ ডিসেম্বর ২২, ২০০৯ এর ৫(বি) নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী পরোক্ষ রপ্তানির নিমিত্তে বিটিএমএ এর সদস্য মিলের অনুকূলে বান্ধ আকারে তুলা ও অন্যান্য তন্তু আমদানির জন্য বৈদেশিক মুদ্রায় প্রদত্ত ঋণের বিপরীতে অনুমোদিত ডিলার ব্যাংক ইডিএফ হতে ঋণ গ্রহণ করতে পারে।

০২। বাংলাদেশ ডাইড ইয়ার্ণ এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিডিওয়াইইএ) এর সদস্য প্রতিষ্ঠানগুলো বান্ধ আকারে আমদানিকৃত অপ্রক্রিয়াজাত সুতা এবং রাসায়নিক দ্রব্য ব্যবহারের মাধ্যমে প্রক্রিয়াজাত সুতা অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের মাধ্যমে উৎপাদনকারী-রপ্তানিকারকের নিকট সরবরাহ করে থাকে। এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বিডিওয়াইইএ এর সদস্য প্রতিষ্ঠান বান্ধ আকারে উৎপাদন উপকরণাদি আমদানির জন্য ইডিএফ এর আওতায় ঋণ সুবিধা পাবে। বিডিওয়াইইএ এর সদস্য প্রতিষ্ঠানের অনুকূলে বৈদেশিক মুদ্রায় অর্থায়নের বিপরীতে অনুমোদিত ডিলার ব্যাংক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিগত বার মাসে অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের মাধ্যমে বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত সরবরাহ মূল্য অথবা মাঃডঃ ১৫.০০ (পনের) মিলিয়ন এ দুটির মধ্যে যেটি কম সে পরিমাণ ঋণ সুবিধা পাবে। আলোচ্য সীমা একক ঋণ গ্রহীতার সর্বোচ্চ সীমা হিসেবে প্রযোজ্য হবে।

০৩। এফই সার্কুলার নং ২৫, তারিখ ডিসেম্বর ২২, ২০০৯ এবং সংশ্লিষ্ট সার্কুলারের অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫০